

প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

প্রধান কার্যালয় : প্রগতি ইন্স্যুরেন্স ভবন (৬ষ্ঠ তলা)

২০-২১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

২৪তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো যাচ্ছে যে, প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড এর ২৪তম বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত কার্যাবলী সম্পাদনের জন্য আগামী ২২ আগস্ট, ২০২৪, বৃহস্পতিবার, বেলা ১২.৩০ ঘটিকায় ডিজিটাল প্ল্যাটফর্ম <https://pragatilife.virtualagmbd.com> এই লিংকের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

- ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকদের প্রতিবেদন এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
- ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত বছরের পরিচালনা পর্ষদের সুপারিশকৃত লভ্যাংশ অনুমোদন।
- পরিচালক নির্বাচন/পুনঃনির্বাচন।
- ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগ অনুমোদন।
- ২০২৪ সালের জন্য কোম্পানীর নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।
- ২০২৪ সালের জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং বাংলাদেশ সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর কোম্পানীর প্রাতিষ্ঠানিক সুশাসন (Corporate Governance) নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।

বিশেষ সিদ্ধান্ত :

- কোম্পানীর নাম পরিবর্তন প্রসঙ্গে :
প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড এর ৩০ জুন, ২০২৪ তারিখে অনুষ্ঠিত ১৬৯তম পরিচালনা পর্ষদ সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, কোম্পানী আইন ১৯৯৪ সালের ১৮ নং আইনের সংশোধনী ২০২০ মোতাবেক কোম্পানীর নাম পরিবর্তন করে এ মর্মে মেমোরাডাম ও আর্টিকেলস অব এ্যাসোসিয়েশন এবং প্রয়োজনীয় সংশোধনী করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং কোম্পানী সচিব যথাবিহীন ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করা হলো।

নিম্নোক্তভাবে কোম্পানীর নাম পরিবর্তিত হবে :

বর্তমান নাম	প্রস্তাবিত নাম
প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড	প্রগতি লাইফ ইন্স্যুরেন্স পিএলসি
(Pragati Life Insurance Limited)	(Pragati Life Insurance PLC)

ঢাকা ২৫ জুলাই, ২০২৪	AGM Link : 	পরিচালনা পর্ষদের আদেশক্রমে জগদীশ কুমার ভঞ্জ, এফসিএস কোম্পানী সচিব
------------------------	---	---

দ্রষ্টব্যঃ

রেকর্ড ডেট : ২৮ জুলাই, ২০২৪;

- কোম্পানী শেয়ারহোল্ডার যাদের নাম রেকর্ড ডেট এ কোম্পানীর সদস্য বইতে নিবন্ধিত অথবা সিডিবিএল এ রেকর্ডভুক্ত থাকবে কেবলমাত্র তারা ই বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ, ভোটদান এবং লভ্যাংশ পাওয়ার যোগ্য হবেন।
- সম্মানিত শেয়ারহোল্ডারগণ বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করার জন্য <https://pragatilife.virtualagmbd.com> এই লিংক অথবা কিউ আর কোড এর মাধ্যমে প্রবেশ করতে হবে যার ইউজার আইডি: বিও হিসাব নম্বর এবং পাসওয়ার্ড হিসেবে রেকর্ড ডেটএ ধারণকৃত শেয়ারের পরিমাণ প্রদান করতে হবে। শেয়ারহোল্ডারগণ তাদের প্রশ্ন ও মতামত সভা শুরুর ২৪ ঘন্টা পূর্বে ইলেক্ট্রনিক পদ্ধতি ব্যবহারের মাধ্যমে প্রদান করতে পারবেন।
- সাধারণ সভায় যোগদান ও ভোট প্রদানের যোগ্য একজন শেয়ারহোল্ডার তার পক্ষে সাধারণ সভায় যোগদান ও ভোট প্রদানের জন্য একজন প্রক্সি নিয়োগ দিতে পারবেন। প্রক্সিকে কোম্পানীর একজন শেয়ারহোল্ডার হতে হবে এবং যথাযথভাবে পূরণকৃত ও উপযুক্ত পরিমাণ স্ট্যাম্প লাগানো প্রক্সি ফরম কোম্পানীর নিবন্ধিত কার্যালয়ে সভা শুরুর ৭২ ঘন্টা পূর্বে জমা দিতে হবে।
- বার্ষিক প্রতিবেদন ২০২৩ ই-মেইলের মাধ্যমে প্রদান করা হবে। বার্ষিক প্রতিবেদন ২০২৩ কোম্পানীর ওয়েবসাইটে www.pragatilife.com পাওয়া যাবে এবং শেয়ার বিভাগ থেকে সংগ্রহ করা যাবে।
- মার্চেন্ট ব্যাংক এবং ডিপোজিটরী পার্টিসিপেন্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড এর শেয়ার মার্জিন লোন অধিভুক্ত তাদের বিবরণী আগামী ১৪ আগস্ট, ২০২৪ এর মধ্যে কোম্পানী সচিব বরাবর পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো। অন্যথায় লভ্যাংশ প্রদানে কোন ধরনের ভুল ভ্রান্তির দায় কোম্পানী বহন করবে না।
- পরিচালনা পর্ষদ এর ১৬৯তম সভায় স্বতন্ত্র স্কুটিনাইজার হিসাবে Suraiya & Associates, Chartered Secretaries কে নিয়োগ প্রদান করা হয়েছে।
- সকল ক্ষেত্রে বি.এস.ই.সি এর নির্দেশনা প্রযোজ্য হবে।